

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৬০ শিক্ষার্থীকে পাশের প্রতিষ্ঠানে ভর্তির নির্দেশ

অন ক্যাম্পাস অনার্স কোর্স বন্ধ



ফাইল ফটো

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ৩০ মে ২০২৪ | ২১:৩৮



জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হওয়া ১৬০ শিক্ষার্থীকে পছন্দ ও প্রাপ্যতা অনুযায়ী পাশের কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজে ভর্তি করানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপাচার্যকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্ম সচিব পারভেজ হাসান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বিধিবহির্ভূতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে চালু করা অনার্স কোর্স বন্ধের বিষয়টিও জানানো হয়।

এতে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে স্নাতক প্রোগ্রাম চালু করা-সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বন্ধ করা হয়েছে। এ কারণে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ইতোমধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের তাদের পছন্দ ও প্রাপ্যতা অনুযায়ী পার্শ্ববর্তী কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজে ভর্তি করানো এবং ওই প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

গত সপ্তাহে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন ক্যাম্পাসে প্রোগ্রামের সব কার্যক্রম বন্ধ রাখার কথা জানিয়েছিল মন্ত্রণালয়। এ ঘোষণার পর বিক্ষুব্ধ শিক্ষার্থীরা শিক্ষা কার্যক্রম চালুসহ ৫ দফা দাবিতে মানববন্ধন করেন।

UNIBOTS



-10:03

গত বছর ২০ জুলাই গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে এলএলবি, বিবিএ, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং নিউট্রিশন অ্যান্ড ফুড সায়েন্স বিষয়ে শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন আহ্বান করা হয়।

বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃপক্ষের নজরে এলে প্রতিষ্ঠানটি তা বন্ধ রাখতে নির্দেশনা দেয়। কিন্তু ইউজিসির নির্দেশনা না মেনে ভর্তি কার্যক্রম চালু রাখে জাতীয় বিশ্ববিদ্যালয়। বাধ্য হয়ে গত ২৬ মে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন ক্যাম্পাস অনার্স কোর্স বন্ধ রাখার নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়। এতে ইতোমধ্যে সেখানে ভর্তি হওয়া ১৬০ জনের শিক্ষাজীবন অনিশ্চয়তায় পড়ে।